

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
পলাশ, নরসিংদী

-:নিলাম বিজ্ঞপ্তি:-

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পলাশ উপজেলাধীন নিম্ন তফসিল বর্ণিত ভিপি/অর্পিত তালিকাভুক্ত পুকুরটি বাংলা ১৪৩২-১৪৩৪ সন পর্যন্ত ৩ (তিন) বৎসর মেয়াদে প্রকাশ্য নিলাম ডাকের মাধ্যমে নিম্নলিখিত শর্ত সাপেক্ষে ইজারা প্রদান করা হবে। উক্ত নিলাম ডাক আগামী ২৪/০৯/২৫ খ্রি: তারিখে বেলা ১১.৩০ ঘটিকায় উপজেলা নির্বাহী অফিসার, পলাশ, নরসিংদী মহোদয়ের কার্যালয়ে অনুষ্ঠিত হবে। নিলাম ডাকে ইচ্ছুক ব্যক্তি বা প্রতিষ্ঠানকে আগামী ২৪/০৯/২৫ খ্রি: তারিখে বেলা ১১.০০ ঘটিকার মধ্যে সহকারী কমিশনার (ভূমি), পলাশ, নরসিংদী বরাবর ২০/- (বিশ) টাকার কোর্ট ফি সম্বলিত আবেদনপত্র দাখিলপূর্বক যথাস্থানে উপস্থিত থেকে নিলাম ডাকে অংশ গ্রহণের জন্য অনুরোধ করা যাচ্ছে। প্রথম পর্যায়ে নিলাম ডাকে বিধি মোতাবেক সন্তোষজনক দর পাওয়া না গেলে উক্ত ডাক তালিকায় উল্লিখিত তারিখ সমূহে পর্যায়ক্রমে নিলাম ডাক কার্যক্রম পরিচালিত হবে।

-:তফসিল:-

উপজেলা	মৌজা	এসএ খতিয়ান	এসএ দাগ	আরএস খতিয়ান	আরএস দাগ	শ্রেণী	পরিমাণ (একরে)
পলাশ	উত্তর দেওড়া	১৩	১১০১	৫২৭	১৬৮৯	পুকুর	০.৪০
		৪৫৩	১১০২	৫২২	১৬৯০		০.৪০
							০.৮০

:নিলাম ডাকের ধারাবাহিক বিবরণ নিম্নরূপ:

ক্র: নং	নিলাম ডাকের পর্যায়	নিলাম ডাকের তারিখ	নিলাম ডাকের সময়	নিলাম ডাকের স্থান
০১	প্রথম পর্যায়	২৪/০৯/২০২৫	বেলা-১১.৩০ ঘটিকা	উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, পলাশ, নরসিংদী
০২	দ্বিতীয় পর্যায়	৩০/০৯/২০২৫	বেলা-১১.৩০ ঘটিকা	ঐ
০৩	তৃতীয় পর্যায়	০৮/১০/২০২৫	বেলা-১১.৩০ ঘটিকা	ঐ

-:শর্তাবলী:-

- ১। প্রকাশ্য নিলাম ডাকের ধার্য তারিখে বেলা ১১.০০ ঘটিকার পর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। উক্ত সময়ের পূর্বেই আবেদনপত্র দাখিল করতে হবে। (জামানত ফেরতযোগ্য বা সমন্বয়যোগ্য)।
- ২। নিলাম ডাকে অংশ গ্রহণের কমপক্ষে (আধা ঘন্টা) পূর্বে ডাকে অংশ গ্রহণকারীকে ১০,০০০/- (দশ হাজার) টাকা অগ্রীম জামানত হিসেবে জমা প্রদান করতে হবে।
- ৩। ডাকমূল্যের উপর ১০% উৎস কর ও ১৫% ভ্যাট ডাকমূল্যের সাথে নিলাম ডাক শেষ হওয়ার সাথে সাথে পরিশোধ করতে হবে অন্যথায় জামানত বাজেয়াপ্ত বলে গণ্য হবে।
- ৪। ভিপি পুকুরের গত বারের ইজারা মূল্যের চেয়ে কমপক্ষে ৫% বৃদ্ধি করে প্রাপ্ত মূল্যই সংশ্লিষ্ট ভিপি পুকুরের সর্বনিম্ন সবকারি ইজারা/নিলাম ডাকমূল্য হিসেবে গণ্য হবে।
- ৫। সর্বোচ্চ ডাককারী ইজারা/নিলাম ডাকে অংশগ্রহণ করে পরে তা প্রত্যাহার করলে সেক্ষেত্রে তার জামানত বাজেয়াপ্ত বলে গণ্য হবে।

(চলমান পাতা-০২)

- ৬। ডাককারী কর্তৃপক্ষ যে কোন কারণে তালিকা সংযোজন/বিয়োজন করার ক্ষমতা রাখেন এবং তফসিলের দাগ, খতিয়ান, জমির পরিমাণ, মৌজার নাম, ভিপি কেস নম্বর ইত্যাদি ভুল হলে তা সংশোধন করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।
- ০৭। ডাক পরিচালনাকারী কর্তৃপক্ষ কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে ডাক বাতিল/স্থগিত/ডাকের পরিবর্তন করার ক্ষমতা সংরক্ষণ করেন।
- ০৮। কর্তৃপক্ষ কর্তৃক ডাক চূড়ান্ত অনুমোদিত হলে সর্বোচ্চ ডাককারীর অনুকূলে পুকুরের দখল বুঝিয়ে দেয়া হবে।
- ০৯। ইজারাকৃত পুকুরের কোনরূপ শ্রেণী পরিবর্তন করা যাবে না এবং সাব-লীজ দেয়া যাবেনা। এছাড়া পুকুরে মৎস্য শিকারের জন্য পানিতে কোন প্রকার কিটনাশক বা রাসায়নিক দ্রব্যাদি ব্যবহার করা যাবে না। এরূপ করলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং ডাকের সমুদয় টাকা সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে।
- ১০। ইজারাকৃত পুকুর পাড়ের গাছ কাটা ও পানি শুকিয়ে ফেলা যাবেনা।
- ১১। বছরের যেকোন সময় প্রদত্ত ইজারা বাংলা ১৪৩২ সনের ১লা বৈশাখ হতে কার্যকর হবে।
- ১২। ইজারা /নিলাম ডাকের যে কোন শর্ত ভংগ করলে ইজারা বাতিল বলে গণ্য হবে।
- ১৩। ইজারা গ্রহিতা মৎস্য চাষ ব্যতিত অন্য কোন কাজে পুকুর ব্যবহার করতে পারবেন না এবং পুকুর এর কোন অংশের উপর ইজারা গ্রহিতার কোন প্রকার স্বত্বের সৃষ্টি হবে না।
- ১৪। ইজারা বিজ্ঞপ্তিতে উল্লিখিত পুকুর নিয়ে যদি কোন বিজ্ঞ আদালত কর্তৃক নিষেধাজ্ঞা থাকলে তা ইজারা কার্যক্রমের আওতামুক্ত থাকবে এবং ভবিষ্যতে যদি জানা যায় যে, নিষেধাজ্ঞা বলবৎ তবে উক্ত ইজারা বাতিল বলে গণ্য হবে।
- ১৫। সরকারী বিধি মোতাবেক ডাক শেষ হওয়ার ০৭ (সাত) দিনের মধ্যে /প্রযোজ্য ক্ষেত্রে অনুমোদনকারী কর্তৃপক্ষের অনুমোদন প্রাপ্তির পর পরই ডাককারী কর্তৃক নিজ খরচে =৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তিনামা সম্পাদন করতে হবে।

স্বাক্ষরিত

উপজেলা নির্বাহী অফিসার
পলাশ, নরসিংদী

স্মারক নং-৩১.৩০৮.৮০০.০০.০১.১০২.২৫- ৫০০/৩

তারিখ: ১৭/০৯/২৫খ্রী:

১. জেলা প্রশাসক, নরসিংদী। সদয় অবগতির জন্য।
২. অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) নরসিংদী। সদয় অবগতির জন্য।
৩. উপজেলা নির্বাহী অফিসার, পলাশ, নরসিংদী। সদয় অবগতির জন্য।
৪. উপজেলা মৎস্য কর্মকর্তা, পলাশ, নরসিংদী। অবগতির জন্য।
৫. উপজেলা সমবায় কর্মকর্তা, পলাশ, নরসিংদী। অবগতির জন্য।
৬. অফিসার ইন-চার্জ, পলাশ থানা, পলাশ, নরসিংদী তাকে ধার্য তারিখে নির্ধারিত স্থানে প্রয়োজনীয় সংখ্যক পুলিশ ফোর্স মোতায়েনের জন্য অনুরোধ করা হলো।
৭. চেয়ারম্যান, চরসিন্দুর ইউনিয়ন পরিষদ, পলাশ, নরসিংদী। ব্যাপক প্রচারের জন্য।
৮. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, চরসিন্দুর ইউনিয়ন ভূমি অফিস, পলাশ, নরসিংদী। তাকে বিজ্ঞপ্তিটি সকল হাট-বাজারসহ পুকুরপাড়, স্থানীয় মসজিদ/মন্দির এবং গুরুত্বপূর্ণ রাস্তায় বিজ্ঞপ্তি জারীর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য বলা হলো।
৯. জনাব.....
১০. নোটিশ বোর্ড/অফিস কপি।

সহকারী কমিশনার (ভূমি)
পলাশ, নরসিংদী